The New Age



Dhaka University vice-chancellor Professor Niaz Ahmed Khan hands over a painting to Palestinian ambassador to Bangladesh Yousef SY Ramadan at his office in the capital on Tuesday. — Press release

Palestinian envoy calls on DU VC

Staff Correspondent

PALESTINIAN ambassador to Bangladesh Yousef SY Ramadan paid a courtesy call on Dhaka University vice-chancellor Professor Niaz Ahmed Khan at the latter's office in the capital on Tuesday.

During the meeting, they exchanged views regarding various issues including admission of Palestinian students at DU as well as granting scholarship to them, said a press release.

The envoy sought cooperation from DU authorities in providing scholarship to Palestine students. He also thanked the people of Bangladesh for standing beside Palestinian people.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০৫ ভাদ্র ১৪৩২

DU in Media

20 August 2025

নয়া দিগন্ত

ঢাবি ভিসির সাথে ফিলিস্তিনের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

বাংলাদেশে নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রমজান মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ফিলিস্তিনের শিক্ষার্থীদের ভর্তি ও বৃত্তি প্রদানের বিষয়ে মতবিনিময় করেন। রাষ্ট্রদূত ফিলিস্তিনি শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সহযোগিতা কামনা করেন। তিনি ফিলিস্তিনের সামগ্রিক পরিস্থিতি, ইসরাইলি বর্বরতা, গণহত্যা এবং অমানবিক কর্মকাণ্ড সম্পর্কেও ভিসিকে অবহিত করেন। ফিলিস্তিনের জনগণের পাশে দাঁড়ানোর জন্য রাষ্ট্রদূত বাংলাদেশের জনগণকে ধন্যবাদ জানান।

ভিসি ৪র্থ পৃ: ৩-এর কলামে



ঢাবি ভিসি অধ্যাপক নিয়াজ আহমদ খানের সাথে ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রমজান

ঢাবি ভিসির সাথে

৩য় পৃষ্ঠার পর

অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ফিলিস্তিনি শিক্ষার্থীদের বৃত্তি প্রদানে সম্ভাব্য সব ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন। তিনি ফিলিস্তিনি জনগণের ওপর ইসরাইলের বর্বর হামলা ও হত্যার তীব্র নিন্দা জানান। পরে ফিলিস্তিনি রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রমজান বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগে 'Gaza : The Genocide of the 21st Century Happening Live before the World's Eyes' শীর্ষক বিশেষ বক্তৃতা প্রদান করেন। বিজ্ঞপ্তি।

The Country Today



Palestinian Ambassador calls on DU VC

DU Correspondent

Mr. Yousef S. Y. Ramadan, the Ambassador of Palestine to Bangladesh, paid a courtesy call on Professor Dr. Niaz Ahmed Khan, Vice-Chancellor of the University of Dhaka on Tuesday.

During the meeting, they discussed the admission and scholarship opportunities for Palestinian students at the University of Dhaka. The ambassador sought the cooperation of the university authorities in providing scholarships for Palestinian students. He also informed the Vice-Chancellor about the overall situation in Palestine, Israeli brutality, genocide, and inhumane activities. The ambassador thanked the people of Bangladesh for standing beside the people of Palestine.

বিএসএস নিউজ
বাংলাদেশ সংবাদ সংস্থার অনলাইন পোর্টাল

ঢাবি কলা অনুষদ শতবর্ষ ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ৪১ শিক্ষার্থী

১৯ আগস্ট ২০২৫, ১৮:৩৭ | বাসস



ছবি: ঢাবি জনসংযোগ দপ্তর

ঢাকা, ১৯ আগস্ট, ২০২৫ (বাসস): ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কলা অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ৪১ জন মেধাবী শিক্ষার্থীকে 'কলা অনুষদ শতবর্ষ ট্রাস্ট ফান্ড বৃত্তি' প্রদান করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে আজ মঙ্গলবার শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেওয়া হয়।

ঢাবি কোষাধ্যক্ষ ও 'কলা অনুষদ শতবর্ষ ট্রাস্ট ফান্ড বৃত্তি'র চেয়ারম্যান অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা উপস্থিত ছিলেন।

কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. সদরুল আমিন এবং অধ্যাপক ড. আবদুল বাছির।

থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের শুভজিৎ রায় কাব্য, সংগীত বিভাগের অয়ন হোসেন রাশেদ এবং নৃত্যকলা বিভাগের তন্বী সরকার বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের পক্ষে অনুভূতি প্রকাশ করেন।

ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ অনুষ্ঠান সঞ্চালন করেন। এসময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

বৃত্তি প্রাপ্তরা হলেন- বাংলা বিভাগের মাকসুদা আক্তার, সামিয়া রাওজীন আশা ও মুন্নী রানী বর্মণ, ইংরেজি বিভাগের মোছা. শাহাজাদী খাতুন, মাহামুদুল হাসান নয়ন ও মিসরাত জান্নাত, আরবি বিভাগের মোহা. আসমাউল হুসনা, জামিয়া আক্তার ও মো. মনজুরুল হাসান, ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের সোহান ইসলাম ও মোসা. সুরাইয়া ইয়াছমিন, উর্দু বিভাগের মো. ইসমাইল হোসেন সাকিব ও রিনা আক্তার, সংস্কৃত বিভাগের রাহুল মন্ডল ও হাবিবা আক্তার, পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের মোছা. সুরাইয়া আফরিন ও মো. কামরুজ্জামান, ইতিহাস বিভাগের শিউলি মোল্যা, সাজিয়া খানম আনিকা ও মো. মেহেদী হাসান, দর্শন বিভাগের মো. আবু শোয়াইব, পপি মন্ডল ও মো. কাউসার আলী, ইসলামিক স্টাডিজ বিভাগের মোছা. শিমু খাতুন, জেরিন তাসনীম মুনীম ও হাফসা আক্তার, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের মোছা. মরিয়ম আক্তার, মিনি আক্তার ও আব্দুর রহমান, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের সমীর কর্মকার ও সীমা খাতুন, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের মো. মামদুদুর রহমান ও শুভজিৎ রায় কাব্য, ভাষা বিজ্ঞান বিভাগের স্মৃতি আক্তার ও মো. ওহিদুল ইসলাম, সংগীত বিভাগের অর্পিতা চৌধুরী ও অয়ন হোসেন রাশেদ, বিশ্বধর্ম ও সংস্কৃতি বিভাগের নুরনাহার খাতুন ও আসমা সুলতানা লিজা এবং নৃত্যকলা বিভাগের তিথী রানী রায় ও তন্বী সরকার।



THE FINANCIAL EXPRESS

POLITICS & POLICIES

Students submit nomination forms on the last day, Tuesday, for the Dhaka University Central Students' Union (DUCSU) election. — Focus Bangla

আমার দেশ

ডাকসুর মনোনয়ন ফরম নিয়েছেন ৫৬৫ জন

নিজস্ব প্রতিবেদক ▸▸

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের মনোনয়নপত্র বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। গত সোমবার শেষ দিনে মোট ৪৯২ জন স্বতন্ত্র মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন। সব মিলিয়ে প্রথম ডাকসু নির্বাচনে মনোনয়ন সংগ্রহকারীর সংখ্যা দাঁড়াল ৫৬৫ জনে। গত সোমবার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের তৃতীয় তলায় ভিসি রিসোর্স অফিসারের কার্যালয়ে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান প্রধান নির্বাচন অফিসার তত্ত্বাবধায়ক ড. মোহাম্মদ রুহীন উদ্দিন। শুধু ডাকসুই নয়, হল সংসদ নির্বাচনেও প্রার্থীদের ব্যাপক সাড়া পাওয়া গেছে। সলিমুল্লাহ মুসলিম হলে ৭৩ জন, শহীদুল্লাহ হলে ৯৭, জগন্নাথ হলে ৭৯, ডাকসুর হক মুসলিম হলে ৭৮, সন্তরুন মক হলে ২৩, সূর্যসেন হলে ৯০, মুহসিন হলে ৭৪, শামসুন্নাহার হলে ৩৭, জসীমউদ্দিন হলে ৭৪, জিয়াউর রহমান হলে ৬৭, শেখ মুজিবুর রহমান হলে ৬৯, সুফিয়া কামাল হলে ৯০, তোফেজ্জল হলে ৭৬, খুরুজ মেজী হলে ২১, ফজিলাতুন্নেছা মুজিব হলে ৩০, অমর একুশে হলে ৬৫, বিজয় একাত্তর হলে ৮৮ এবং এম রহমান হলে ৭৫ জনসহ মোট ১ হাজার ২২৬ জন শিক্ষার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। তাঁরা (২০ আগস্ট) মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন। জমা পড়া ফরম যাচাই-বাছাইয়ের পর চূড়ান্তভাবে জানা যাবে কোন পদে কতজন প্রতিদ্বন্দ্বিতা করবেন। এদিকে বিভিন্ন সংগঠন ও ছোট শিবিরের প্যানেল চূড়ান্তের দৌড়ে বাড়। ছাত্রদল এখনো পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করেনি। তবে সাংগঠনিক শিবি পদে জাবির্বুল ইসলাম খান, জিএস পদে তানভীর বাড়ী হামিম এবং এজিএস পদে তানভীর আল হাসী মাহমুদকে এগিয়ে রাখা হচ্ছে বলে জানা গেছে। বামপন্থী সংগঠনগুলোর প্যানেলেও নতুন চমক আছে। তারা শিবি পদে শেখ তানভীর আহমেদ জুবেলের নাম ঘোষণা করেছে। মোট ২৮ জন মনোনয়ন নিয়েছেন এ ছাত্র থেকে, যার মধ্যে ১১ জন স্বতন্ত্র, ৯ জন আদিবাসী এবং ২ জন পার্বত্য প্রতিনিধি পিসাঙ্গী ছাত্রদের। এ ছাড়া বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির সমর্থিত প্যানেল ঘোষণা করেছে। শিবি পদে আবু সাদিক কায়েম, জিএস পদে এস এম ফরহাদ এবং এজিএস পদে সাইফউদ্দিন খালেদ অমাজ্জনো, সাহিত্য-সংস্কৃতি, গবেষণা, ক্রেডিয়ার ও আন্তর্জাতিক সম্পাদক পদেও মনোনয়ন নিয়েছে সংগঠনটি। প্রধান নির্বাচন অফিসার ড. রুহীন উদ্দিন বলেন, 'ডাকসু নির্বাচনে কোনো বৈধ শিক্ষার্থীরাই মনোনয়ন সংগ্রহ করেছেন। এখানে কেউ দলীয় পরিচয়ে প্রার্থী হননি। তবে ভোটের আগের দিন সকল প্রার্থীদের বিরুদ্ধে অপরাধের প্রমাণ মিললে তাদের প্রার্থিতা বাতিল করা হবে।'



ডাকসুর মনোনয়ন

▸▸ শেষ পৃষ্ঠার পর

সংসদ (বাপসাস) আংশিক প্যানেল ঘোষণা করেছে। ভিপি পদে আবুল কাশেম, জিএস পদে তানভীর মজুমদার ও এজিএস পদে আপেরেজা খাতুনের নাম চূড়ান্ত করেছে সংগঠনটি। আলাদিনে বিশ্ববিদ্যালয়ী ছাত্র আন্দোলনের সাবেক যুগ্মআহ্বায়ক ইমাম ফাতেমার নেতৃত্বে স্বতন্ত্র প্যানেল গঠনের উদ্যোগ নেয়া হয়েছে। সম্ভাব্য তালিকায় ভিপি পদে ইমামা ফাতেমা, জিএস পদে সাংবাদিক সমিতির সাবেক সভাপতি আল সানী তুইয়া এবং এজিএস পদে সর্বশেষ সভাপতি মহিউদ্দিন মুজাহিদ মাহীর নাম রয়েছে। বামপন্থী সংগঠনগুলোর প্যানেলেও নতুন চমক আছে। তারা ভিপি পদে শেখ তানভীর আহমেদ জুবেলের নাম ঘোষণা করেছে। মোট ২৮ জন মনোনয়ন নিয়েছেন এ ছাত্র থেকে, যার মধ্যে ১১ জন স্বতন্ত্র, ৯ জন আদিবাসী এবং ২ জন পার্বত্য প্রতিনিধি পিসাঙ্গী ছাত্রদের। এ ছাড়া বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির সমর্থিত প্যানেল ঘোষণা করেছে। শিবি পদে আবু সাদিক কায়েম, জিএস পদে এস এম ফরহাদ এবং এজিএস পদে সাইফউদ্দিন খালেদ অমাজ্জনো, সাহিত্য-সংস্কৃতি, গবেষণা, ক্রেডিয়ার ও আন্তর্জাতিক সম্পাদক পদেও মনোনয়ন নিয়েছে সংগঠনটি। প্রধান নির্বাচন অফিসার ড. রুহীন উদ্দিন বলেন, 'ডাকসু নির্বাচনে কোনো বৈধ শিক্ষার্থীরাই মনোনয়ন সংগ্রহ করেছেন। এখানে কেউ দলীয় পরিচয়ে প্রার্থী হননি। তবে ভোটের আগের দিন সকল প্রার্থীদের বিরুদ্ধে অপরাধের প্রমাণ মিললে তাদের প্রার্থিতা বাতিল করা হবে।'